Lens Asia

২ নভেম্বর, ২০২৫

# স্তন ক্যান্সার প্রতিরোধে জনগণকে সচেতন করতে হবে: প্রধান উপদেষ্টা



সংগৃহীত ছবি

দেশের নারীদের মধ্যে স্তন ক্যান্সার মৃত্যুর একটি প্রধান কারণ হিসেবে দেখা দিচ্ছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। তিনি ফ্যাটি লিভার ও স্তন ক্যান্সার সম্পর্কিত সচেতনতা বৃদ্ধির আহ্বান জানান। শনিবার (১ নভেম্বর) সন্ধ্যায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় তিনি সিঙ্গাপুরের ক্যান্সার বিশেষজ্ঞ অধ্যাপক তোহ হান চংয়ের সঙ্গে বৈঠক করেন।

অধ্যাপক ইউনূস বলেন, দক্ষিণ এশিয়ায় ক্যান্সার, ডায়াবেটিস ও হৃদরোগের মতো অসংক্রামক রোগগুলো মৃত্যুর প্রধান কারণ। তাই সহজলভ্য ও সাশ্রয়ী প্রতিরোধমূলক ব্যবস্থা তৈরি জরুরি। তিনি বলেন, “চিকিৎসা ব্যয়বহুল; সচেতনতা ও প্রতিরোধমূলক ব্যবস্থা সহজ ও সাশ্রয়ী করতে হবে, বিশেষ করে মধ্যবিত্ত ও নিম্নবিত্তদের জন্য।”

অধ্যাপক তোহ হান চং উল্লেখ করেন, দক্ষিণ এশিয়ায় কোটি কোটি মানুষ ফ্যাটি লিভার রোগে আক্রান্ত, যা লিভার ক্যান্সারের দিকে ধাবিত করছে। তিনি বলেন, ব্যাপক সচেতনতা ও কম খরচে স্ক্রিনিং অপরিহার্য।

প্রধান উপদেষ্টা বাংলাদেশে স্বাস্থ্য সহযোগিতা বাড়াতে এবং চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের প্রশিক্ষণ কার্যক্রম প্রসারে গুরুত্বারোপ করেন। তোহ হান চং জানান, চলতি সপ্তাহে সিঙ্গাপুরের বিশেষজ্ঞরা বাংলাদেশি চিকিৎসকদের প্রশিক্ষণ দিয়েছেন এবং এটি প্রতি বছর অব্যাহত থাকবে।

তোহ হান চং সিঙ্গাপুর ন্যাশনাল ক্যান্সার সেন্টারের সিনিয়র কনসালট্যান্ট। বৈঠকে ছিলেন সিংহেলথ ডিউক-এনইউএস গ্লোবাল হেলথ ইনস্টিটিউটের উপ-পরিচালক বিজয়া রাও এবং হেলথ কেয়ার বিশেষজ্ঞ কালউইন্ডার কৌর।

LENS ASIA